দৈনিক খবর

তারিখ 04 NOV 1990
পৃষ্ঠা 7 কলাম 5

54

# ঢাকা ভার্সিটি শিক্ষকের শান্তি মিছিল ও সমাবেশ

।। স্টাফ রিপোর্টার ।।

দশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার আহবান জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকরা গতকাল শনিবার শান্তি মিছিল করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহবানে শিক্ষকরা সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়ে দুই লাইনে সারিবদ্ধভাবে মৌন শান্তি মিছিল বের করে। মিছিলটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে জাতীয় প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

সমিতির সভাপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ।

ইয়াজউদ্দিন বলেন, বাংলাদেশে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খৃষ্টানের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতির এক গৌরবোজ্জ্বল ঐতিহ্য রয়েছে। আমরা এ ঐতিহ্য কোনভাবেই বিনষ্ট হতে দিতে পারি না। আমরা হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খৃস্টান ভাই-ভাই। আমাদের মধ্যে কোন বিভেদ নেই।

তিনি বলেন, চলমান গণতন্ত্রের আন্দোলনকে বিনষ্ট হতে বা ভিন্নখাতে প্রবাহিত হতে দেয়া যায় না। কেউ এ ধরনের প্রচেষ্টা নিলে তাকে প্রতিহত করতে হবে।